



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**26 May 2026**

**7:35 AM IST**

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুৰ্মু গতকাল রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে পদ্ম পুরস্কার প্রদান করেন ।

চলতি বছরের জন্য ৫ জনকে পদ্ম বিভূষণ , ১৩ জনকে পদ্মভূষণ ও ১১৩ জনকে পদ্মশ্রী পুরস্কার সহ মোট ১৩১ জনকে পদ্ম পুরস্কার প্রদান করা হয়েছে । প্রতিবছর সাধারণতন্ত্র দিবসে পদ্ম পুরস্কারগুলি ঘোষণা করা হয় ।

শিলচর থেকে কবীন্দ্র পুরকায়স্থ সহ আসমের পাঁচজনকে পদ্ম পুরস্কার প্রদান করা হয় । সমাজসেবায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থকে মরণোত্তরভাবে পদ্মশ্রী পুরস্কার প্রদান করা হয়েছে । এছাড়া, আসামের কলা ক্ষেত্রে হরিচরণ শইকীয়া , পখিলা লেকথেপি ও নুরুদ্দিন আহমেদ ও কৃষি ক্ষেত্রে যোগেশ দেউরীকে পদ্ম পুরস্কার প্রদান করা হয়েছে । অনুষ্ঠানে উপ - রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সহ বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন ।

---

ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশনের গতকাল তৃতীয় দিন অভিন্ন দেওয়ানী বিধি সম্পর্কিত বিল পেশ করা হয়। এই বিলের মাধ্যমে বহুবিবাহ নিষিদ্ধ করা সহ লিভ ইন সম্পর্কে থাকা লোকেদের ক্ষেত্রে পঞ্জীয়ন বাধ্যতামূলক করতে চাওয়া হয়েছে। তবে রাজ্যে বসবাসকারী অনুসূচিত জনজাতির লোকেদের এই বিলে অর্ন্তভুক্ত করা হবে না। বিবাহের ক্ষেত্রে পুরুষের ন্যূনতম বয়স ২১ বছর এবং মহিলাদের ক্ষেত্রে ১৮ বছর নির্ধারণ করা সহ বহু বিবাহ নিষিদ্ধ করতে চাওয়া হয়েছে। এদিকে আইনী অধিকারের সুরক্ষা প্রদানের উদ্দেশ্যে এই বিলে বিবাহ ও বিবাহ বিচ্ছেদের পঞ্জীয়ন বাধ্যতামূলক করতেও বলা হয়েছে। মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার হয়ে মন্ত্রী অতুল বরা এই বিল বিধানসভায় পেশ করেন।

অভিন্ন দেওয়ানী বিল সম্পর্কে মন্ত্রী অতুল বরা বলেন

-----বাইট-----

---

রাজ্যের মুখ্য সচিব ড: রবি কোটার পৌরহিত্যে গতকাল গুয়াহাটীর আসাম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ের সম্মেলন কক্ষে ২০২৭ সালের লোকগণনা ও গৃহ গণনার সংগে জড়িত প্রধান লোকগণনা আধিকারিকদের নিয়ে রাজ্যস্তরে সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আসাম লোকগণনা সঞ্চালকালয়ের সহযোগীতায় অনুষ্ঠিত এই সম্মেলনে দেশের মহাপঞ্জীয়ক ও লোকগণনা আয়ুক্ত, মুখ্য লোকগণনা আধিকারিক, রাজ্য নডেল আধিকারিক, সব জেলার আয়ুক্ত সহ

বেশ কয়েকজন শীর্ষ আধিকারিক উপস্থিত ছিলেন । উল্লেখ্য ২০২৭ সালের লোকগণনা প্রথমবারের জন্য ডিজিটেল পদ্ধতিতে পরিচালনা করা হবে । গৃহ গণনা ও জনসংখ্যা গণনা দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । লোকগণনার প্রথম পর্যায়ে গৃহ ও পরিবারের ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হবে । প্রথম পর্যায়ের মাধ্যমে সংগৃহীত তথ্য সমগ্র দেশ সহ আসামের গ্রামাঞ্চল , নগরাঞ্চলের গৃহ নির্মাণ , পরিকাঠামো ও মৌলিক পরিসেবা প্রদানের জন্য পরিকল্পনা গ্রহন করার ক্ষেত্রে রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে সহায়তা করবে ।

---

---

বিশ্ববিদ্যালয় প্রবেশ পরীক্ষা সি ইউ ই টি - ইউ জি পরীক্ষা আগামী ২৮ শে মে স্থগিত রাখা হয়েছে । জাতীয় পরীক্ষণ সংস্থা এন টি এ ঈদ উদ জোহার বন্ধের দিন পরিবর্তন হবার পরিপ্রেক্ষিতে একথা ঘোষণা করে । সংশোধিত পরীক্ষার দিন শীঘ্রই ঘোষণা করা হবে বলে সংস্থাটি প্রকাশ করেছে । পরীক্ষা সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য নিয়মিতভাবে সংস্থার ওয়েবসাইট দেখতে ছাত্র ছাত্রীদের পরামর্শ দেওয়া হয়েছে । যেকোনো তথ্যের জন্য ছাত্র ছাত্রীরা এন টি এর হেল্পলাইন নম্বর ০১১-৪০৭৫৯০০০ যোগাযোগ করতে বা সি ইউ ই টি - ইউ জি আই এন টি এ . এ সি . ইন এ লগ ইন করতে বলা হয়েছে ।

---

---

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট আয়ুষ গার্গ এক বিজ্ঞপ্তিতে উগ্রপন্থী কার্যকলাপ এবং অবৈধ গবাদি পশুর চোরাচালান রোধ করতে জেলার ভারত-বাংলাদেশ

আন্তর্জাতিক সীমান্ত এলাকায় ভারতীয় ন্যয় সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় আন্তর্জাতিক সীমান্ত এলাকার এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে সূর্যাস্ত থেকে সূর্যদয় পর্যন্ত কোন ব্যক্তি চলাফেরা করতে পারবেন না , সুরমা নদীতে মাছ ধরতে হলে , কাটিগড়া চক্র আধিকারীক থেকে আগাম অনুমতি নিতে হবে এবং সূর্যাস্ত থেকে সূর্যদয় পর্যন্ত কোন ব্যক্তি ঠেলা -রিম্বা নিয়ে চাল, চিনি , লবন , কেরোসিন সহ কোন ধরনের সামগ্রী নিয়ে যেতে পারবেন না । শুধুমাত্র কেন্দ্র ও রাজ্য সরকারের কর্মচারীদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না । এই নিষেধাজ্ঞা আগামী দু মাস বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

---

---

শ্রীভূমি শহরে দীর্ঘ দিন থেকে জমা জলের সমস্যার স্থায়ী সমাধানের দাবীতে আজ শ্রীভূমি শহরের মহিলাদের পক্ষ থেকে শহরের নীলমনি রোডে বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে । বিক্ষোভকারীদের পক্ষ থেকে এলাকার বিভিন্ন বাড়িতে বৃষ্টির জল ঢুকে পড়া সহ নিকাশী ব্যবস্থা ভেঙ্গে পড়ার অভিযোগ করে সাধারণ মানুষ চরম ভোগান্তির শিকার হচ্ছেন এবং যাতায়াত ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে বলে উল্লেখ করা হয়েছে । বিক্ষোভকারী মহিলাদের পক্ষ থেকে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার দাবী জানানো হয়েছে ।

---

---